জাতীয় সংসদ নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.১৮-৮৫৭

তারিখ: ১৪ পৌষ ১৪২৫
২৮ ডিসেম্বর ২০১৮

**বিষয় : একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় যানবাহন ও নৌযান চলাচলের উপর নিষেধাজ্ঞা শিথিলকরণ**

সূত্র: (১) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রজ্ঞাপন নং- ৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৭৪৪ তারিখ: ২৩ ডিসেম্বর ২০১৮
(২) নৌপরিবহন মন্ত্রণালয়ের স্মারক নং- ১৮.০০.০০০০.১৬.১৯.০০৩.১৬-২০১ তারিখ: ২৪ ডিসেম্বর ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিনের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৯ ডিসেম্বর ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত কতিপয় যানবাহন ও নৌযান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। তবে ২৮ ডিসেম্বর ২০১৮ তারিখ দিবাগত মধ্যরাত ১২.০০ হতে ১ জানুয়ারি ২০১৯ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা রয়েছে।

০২। সূত্রোল্লিখিত প্রজ্ঞাপন ও স্মারকে যন্ত্রচালিত যানবাহন ও নৌযান চলাচলে নিষেধাজ্ঞা শিথিলের বাইরেও জনগনের সুবিধার্থে এবং জনজীবন স্বাভাবিক রাখার স্বার্থে যানবাহন ও নৌযান চলাচলে নিম্নোক্ত কয়েকটি বিষয়ে নিষেধাজ্ঞা শিথিল রাখা এবং কতিপয় ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন নিয়ে চলাচলের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন:

(১) জরুরী সেবা কাজে নিয়োজিত যানবাহন এবং ঔষধ, স্বাস্থ্য-চিকিৎসা ও অনুরূপ কাজে ব্যবহৃত দ্রব্যাদি ও সংবাদপত্র বহণকারী সকল ধরনের যানবাহন;

(২) আত্মীয়-স্বজনের জন্য বিমানবন্দরে যাওয়া, বিমানবন্দর হতে যাত্রী বা আত্মীয়-স্বজনসহ নিজ বাসস্থানে অথবা আত্মীয়-স্বজনের বাসায় ফিরে যাওয়ার জন্য ব্যবহৃত যানবাহন (টিকেট বা অনুরূপ প্রমাণ প্রদর্শন) এবং দূরপাল্লার যাত্রী বহনকারী অথবা দূরপাল্লার যাত্রী হিসেবে স্থানীয় পর্যায়ে যাতায়াতের জন্য যে কোন যানবাহন;

(৩) প্রতিদ্বন্দ্বী প্রার্থীর জন্য ১টি, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নির্বাচনি এজেন্ট (যথাযথ নিয়োগপত্র/পরিচয়পত্র থাকা সাপেক্ষে) এর জন্য ১টি গাড়ী (জীপ, কার, মাইক্রোবাস ইত্যাদি ছোট আকৃতির যানবাহন) রিটার্নিং অফিসারের অনুমোদন ও গাড়ীতে স্টীকার প্রদর্শন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(৪) সাংবাদিক, পর্যবেক্ষক অথবা জরুরী কোন কাজে ব্যবহৃত মোটর সাইকেল রিটার্নিং অফিসারের অনুমোদন সাপেক্ষে চলাচলের অনুমতি প্রদান;

(৫) নির্বাচন কমিশনের অনুমোদন সাপেক্ষে নির্বাচনি কাজে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারি অথবা অন্য কোন ব্যক্তির জন্য মোটর সাইকেল চলাচলের অনুমতি প্রদান; এবং

(৬) উল্লিখিত যানবাহনের অনুরুপ জরুরী কাজে ব্যবহৃত নৌযান চলাচলের ক্ষেত্রেও অনুমতি বা নিষেধাজ্ঞার বহির্ভুত রাখা।

০৩। সেইসাথে কুটনৈতিক জোন/এলাকায় দূতাবাস বা হাইকমিশনে কর্মরত বিদেশী নাগরিকদের যাতায়াতের জন্য এবং দূতাবাস বা হাইকমিশনে কর্মরত স্থানীয় স্টাফদের কুটনৈতিক জোনের বাহিরে যাতায়াত করার (শুধু যাওয়া-আসা) জন্য সীমিত সংখ্যক যানবাহন চলাচলে অনুমতি প্রদানের জন্য সিদ্ধান্ত প্রদান করা হয়েছে। তবে কুটনৈতিক জোন/এলাকায় কোন বহিরাগত যানবাহন প্রবেশের ক্ষেত্রে পুলিশ কমিশনার বা সংশ্লিষ্ট পুলিশ কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন নিতে হবে।

০৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্তের প্রেক্ষিতে নিষেধাজ্ঞা শিথিল করা এবং উক্তরূপ যানবাহন চলাচলে যথাযথ অনুমোদন প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/১২/২০১৮
( ফরহাদ আহাম্মদ খান )
যুগ্ম সচিব (নির্বাচন পরিচালনা-২)
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
৪। পুলিশ কমিশনার.................... (সংশ্লিষ্ট) মেট্রোপলিটন পুলিশ
৫। জেলা প্রশাসক .................... (সকল) ও রিটার্নিং অফিসার
৬। পুলিশ সুপার .................... (সকল)
৭। উপজেলা নির্বাহী অফিসার .................. (সকল) ও সহকারী রিটার্নিং অফিসার
৮। ................................................ ও সহকারী রিটার্নিং অফিসার

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.১৮-৮৫৭

তারিখ: ১৪ পৌষ ১৪২৫ / ২৮ ডিসেম্বর ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, .................................................................. মন্ত্রণালয়/বিভাগ (সংশ্লিষ্ট)
৫. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার ....................................... (সকল)
৯. উপমহাপুলিশ পরিদর্শক, ........................... রেঞ্জ (সকল)
১০. যুগ্মসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারীর জন্য অনুরোধ করা হলো ]
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
১৩. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ........................... অঞ্চল (সকল)
১৪. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার, ........................... (সকল)
১৫. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ........................... (সকল)
১৬. জেলা তথ্য অফিসার, ................................................ (সকল)
১৭. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...................................................., নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা ( নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২০. উপজেলা নির্বাচন অফিসার, ........................... (সকল)
২১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ........................... থানা (সকল)।

২৮/১২/১৮

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব (নি:ব্য:ওস:-১)
ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স : ৫৫০০৭৫৫৮
E-mail: sasemc1@gmail.com